

নাইনটিজ

আকাশে তোমার তুমুল সুখের পাড়া  
গভীরে তোমার ভুলে যাওয়া ঘরবাড়ি  
কলেজে পেয়েছো মেয়েদের আঙ্কারা  
দিগন্তে পাও রঙীন মাতি গাড়ি !

চলতি হাওয়ায় পড়ে পাওয়া যতকিছু  
ধুলোয় ধুলোয় কিছুটা অফিসে দেবী  
প্র করলে চোখে জল, মাথা নিচু  
বুকে টেনে নিলে গলে যাও - ক্যাডবেরি !

শিবাশিস মুখোপাধ্যায়

